**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**3/11/2025** **7:45 PM IST**

==========================================================================

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ বিকেলে দিশপুর লোকসেবা ভবনে স্নাতক উর্ত্তীন যুবক-যুবতীদের জন্য দক্ষতা , নিয়োগ ও উদ্যোমিতা বিভাগের উদ্যোগে মূখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের উদ্বোধন করবেন । অনুষ্টানে দক্ষতা, নিয়োগ ও উদ্যোমিতা বিভাগের মন্ত্রী প্রশান্ত ফুকন উপস্থিত থাকবেন । এই জীবন প্রেরণা প্রকল্পের মাধ্যমে চাকুরীর সন্ধানে থাকা যুবক-যুবতীদের বিভিন্ন পরীক্ষার প্রস্তুতির জন্য প্রতি মাসে দু হাজার পাঁচশ টাকা করে আগামী এক বছর প্রদান করা হবে । শিক্ষার্থীদের আসামের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সরকারী শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতক হতে হবে বলে জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল গৌহাটী আই আই টি-তে উত্তর-পূর্ব বিজ্ঞান এবং প্রযুক্তিবিদ্যা কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী সিন্ধিয়া বলেন যে সমগ্র উত্তর-পূর্ব ভারত্য বিজ্ঞান মানসিকতার প্রচার ও

প্রসারের ক্ষেত্রে এই কেন্দ্র গুরুত্বপূর্ন ভুমিকা পালন করবে । মন্ত্রী শ্রীসিন্ধিয়া আরো জানান--

বাইট

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল **নুতন** দিল্লীতে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণের সংগে দেখা করে রাজ্যে রেল পরিসেবা সম্প্রসারণ সহ বেশ কিছু বিষয় নিয়ে আলোচনা করেন । ড: শর্মা রাজ্যের যাতায়াত ব্যবস্থা অধিক সুশৃংখল করার জন্য রেল পরিসেবার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন । এই বৈঠকে আসাম পর্যন্ত চলাচল করা তিনটি নতুন অমৃত ভারত রেল যাত্রা সম্পর্কে আলোচনা করা হয় । এছাড়া কোকরাঝার থেকে ভূটানের গেলেফুর মাইন্ডফুলনেস সিটি পর্যন্ত নতুন রেল পথ নির্মাণের কাজ শীঘ্রই শুরু  করার বিষয় নিয়েও  আলোচনা হয়েছে । আসামের মধ্য দিয়ে চলাচল করা গুরুত্বপূর্ন রেলগুলির ষ্টপেজের সংখ্যা বৃদ্ধি করতে মুখ্যমন্ত্রী রেল মন্ত্রীকে অনুরোধ জানান । রেল মন্ত্রী এই বিষয়গুলি বিবেচনা করবেন বলে  প্রতিশ্রুতি দিয়েছেন ।

---

রাজ্যে ঝুমুর নৃত্য  হচ্ছে চা জনগোষ্ঠী ও আদিবাসী সমাজের সমৃদ্ধ ঐতিহ্য  যা আসামের সম্পদ । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে গত ২৪ শে ফেব্রুয়ারী অনুষ্ঠিত ঝুমুর বিনন্দিনী অনুষ্ঠানে আসামের চা বাগানের ২০০ বছেরের  ঐতিয্যকে সমগ্র বিশ্বে তুলে ধরা হয়েছে  ।

গতকাল শিলচর বংগ ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা কাছাড় , হাইলাকান্দি ও শ্রীভূমি জেলার মোট ৩৩১ জন শিল্পী , মূল প্রশিক্ষক ও বিশেষজ্ঞ সমিতির সদস্যদেরকে শংসা পত্র ও ২৫ হাজার টাকা করে সাম্মানিক অর্থ প্রদান করে একথা বলেন । বরাক উপত্যকার তিন জেলা থেকে গত ২৪ শে ফেব্রুয়ারী গুয়াহাটীর সরুসাজাই ষ্টেডিয়ামে আয়োজিত ঝুমুর বিনন্দিনীতে অংশ গ্রহণ করা শিল্পীদের গতকাল সম্বর্ধনা জানানো হয় ।

মন্ত্রী শ্রী বরা আরো বলেন ----

**বাইট**

গতকালের অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , কাছাড়ের আয়ুক্ত মৃদুল যাদব সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের কঁহরা সংমন্ডল গতকাল থেকে পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছে । বনমন্ত্রী চন্দ্রমোহন কঁহরা সংমন্ডলের প্রবেশদ্বার আনুষ্ঠানিকভাবে পর্যটকদের জন্য খুলে দেন । এখন থেকে পর্যটকরা জীপ ও হাতী সাফারী করে উদ্যানটির সৌন্দর্য উপভোগ করতে পারবেন । এই অনুষ্ঠানে বনমন্ত্রীর সঙ্গে মন্ত্রী অতুল বরা , কেশব মহন্ত , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । এক খর্গযুক্ত গন্ডার সংরক্ষণের প্রতি সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে একটি ম্যারাথনেরও আয়োজন করা

হয় । এতে আসাম সহ মধ্যপ্রদেশ , উত্তরপ্রদেশ ও মণিপুরের প্রতিযোগীরা অংশগ্রহণ করে ।

---

শ্রীভূমি জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের উদ্যোগে এবং আসাম স্মল ইন্ডাস্ট্রিজ ডেভোলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের সহযোগীতায় শ্রীভূমি জেলায় পাঁচ দিনের জেলা সমাগম অনুষ্ঠিত হচ্ছে । শ্রীভূমি জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের জেনারেল ম্যানেজার জানিয়েছেন যে গত শনিবার থেকে আগামী ৫ই নভেম্বর পর্য্যন্ত শ্রীভূমি জেলার নিলামবাজারের স্বামী বিরজানন্দ বিদ্যানিকেতন হাইস্কুলের খেলার মাঠে উদ্যোম সমাগম চলবে । সমাগমে সর্বস্তরের জনসাধারনকে উপস্থিত থাকতে আহ্বান জানানো হয়েছে ।

---